

লাঞ্ছিত হওয়ার ঘটনায় প্রক্টরকে দায়ী করলেন রাবি উপাচার্য

৥ রাজশাহী বিশ্ববিদ্যালয় সন্ধানমতো ৥
বৃহস্পতিবার রাতে রাজশাহী বিশ্ববিদ্যালয়
পার্শ্ববর্তী বিনোদপুরবাসীর সঙ্গে ছাত্রদের
ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনাকে কেন্দ্র করে
তরুবার আন্দোলনকারী বিক্ষুব্ধ ছাত্রদের হাতে
লাঞ্ছিত হন ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড.
মামুনুল কেরামত। আর এ ঘটনার জন্য
উপাচার্য নিজেই বিশ্ববিদ্যালয় প্রক্টরকে দায়ী
করেন। উপাচার্য বলেন, প্রক্টরের দায়িত্বে
অবহেলার কারণেই তাকে ছাত্রদের হাতে
লাঞ্ছিত হতে হয়েছে।

গতকাল শনিবার দুপুরে মাবেদিকরা
উপাচার্যের সঙ্গে ভীম দণ্ডের দেখা করেন।
তিনি বলেন, (১৫শ পৃঃ ৪-এর কঃ প্রঃ)

লাঞ্ছিত হওয়ায়

(১৬শ পৃঃ পর)

তরুবার বেলা ১১টার প্রক্টর অধ্যাপক ড.
এনামুল হক উভয়পক্ষকে নিয়ে আপোস-
মীমাংসার জন্য বসলে ছাত্ররা মহাসতর্ক
অবরোধ করে বিক্ষোভ করতো না। তবে প্রক্টর
অধ্যাপক ড. এনামুল হক দাবি করেন, তিনি
যথাসময়েই বিষয়টি উপাচার্যকে অবহিত
করেছিলেন।